

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-৩

নং-স্বঃমঃ(বহি-৩)/বিবিধ-০৭/২০০৭/১৫৭০

তারিখঃ ২৯/০৭/২০০৭ খ্রীঃ

পরিপত্র

বিষয়ঃ Police Clearance Certificate - প্রদান প্রসংগে।

সূত্র : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-স্বঃমঃ(বহি-৩)/বিবিধ-৬৩/২০০৫-৯২৩, তারিখ-১৯/০৭/২০০৬ খ্রীঃ

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত পরিপত্রটির বরাতে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে :

- ১। প্রবাসী বাংলাদেশী এবং বাংলাদেশে অবস্থানরত বিদেশীদের পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র সংশ্লিষ্ট থানা ইস্যু করবে। ইস্যুকৃত পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট সংশ্লিষ্ট পুলিশ কমিশনার/পুলিশ সুপার অথবা তার মনোনীত কর্মকর্তা প্রতিস্বাক্ষর/সত্যায়ন করবে এবং তা পৃষ্ঠাংকন করার জন্য সার্টিফিকেট পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।
- ২। বিভিন্ন দূতাবাস / মিশন থেকে অথবা দেশ ও বিদেশ হতে সরাসরি প্রাপ্ত এ সংক্রান্ত আবেদনসমূহ স্বরাষ্ট্র ও পররাষ্ট্র মন্ত্রণালয় অনুচ্ছেদ ১ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহা পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর বরাবর প্রেরণ করবে।
- ৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

(সৈয়দা নওয়ারা জাহান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৭১৭৩০৫৩

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. মহা পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৩. উপ মহাপুলিশ পরিদর্শক, ঢাকা / চট্টগ্রাম / রাজশাহী / খুলনা / সিলেট / বরিশাল রেঞ্জ।
৪. পুলিশ কমিশনার, ঢাকা / চট্টগ্রাম / রাজশাহী / খুলনা / সিলেট / বরিশাল মেট্রোপলিটন পুলিশ।
৫. পুলিশ সুপার (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, ঢাকা।

বাংলাদূত
ওয়াশিংটন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-৩

নং-স্বঃমঃ(বহি-৩)/বিবিধ-০১/২০০৭/১৯০১

তারিখঃ ১০/০৯/২০০৭ খ্রীঃ

পরিপত্র

বিষয়ঃ বৈবাহিক অবস্থা সম্পর্কিত সনদপত্র প্রদান প্রসংগে।

প্রবাসী বাংলাদেশীদের বৈবাহিক অবস্থা সম্পর্কিত সনদপত্র প্রদানের বিষয়ে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে :

- (ক) দূতাবাস বা মিশনের মাধ্যমে অথবা আবেদনকারীর পক্ষে দেশে নিকট আত্মীয়-স্বজনের মাধ্যমে অথবা দেশে অবস্থানকালীন সময়ে আবেদনকারী নিজে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট বৈবাহিক অবস্থা সম্পর্কিত সনদপত্রের জন্য আবেদন করতে পারবেন।
- (খ) আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে :
১. ম্যাজিস্ট্রেট/ নোটারী পাবলিক এর নিকট সম্পাদিত বৈবাহিক অবস্থা সম্পর্কিত এফিডেভিট ;
 ২. সনদপত্র ফি বাবদ - ৫০০/- (পাঁচ শত) টাকা ব্যাংক চালানের মাধ্যমে -১-২২০১-০০০১-২৬৮১ নং খাতে জমা সংক্রান্ত চালানের কপি ;
 ৩. চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ;
 ৪. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ কপি ছবি।
- (গ) আবেদনপত্রে বর্ণিত তথ্যাদির সঠিকতা পুলিশ বিশেষ শাখার মাধ্যমে যাচাই করতে হবে।
- (ঘ) পুলিশ বিশেষ শাখা হতে প্রাপ্ত সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে জেলা প্রশাসক অথবা তাঁর মনোনীত কর্মকর্তা বৈবাহিক অবস্থা সম্পর্কিত সনদপত্র ইস্যু করবেন।
- (ঙ) জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে পৃষ্ঠাংকন করার লক্ষ্যে জেলা প্রশাসকগণ সনদপত্র পররাষ্ট্র মন্ত্রণালয়ে অগ্রগামী করবেন।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

(সৈয়দা নওয়ারা জাহান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৭১৭৩০৫৩

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২. মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
৩. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহা পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার(সকল)।
৭. অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, ঢাকা।
৮. জেলা প্রশাসক (সকল)।
৯. পুলিশ সুপার (সকল)।